

Video Conference of Leaders of SAARC Countries

March 16, 2020

সার্কভুক্ত দেশগুলির নেতৃবৃন্দের ভিডিও কনফারেন্স

মার্চ 16, 2020

1. বর্তমানে বিশ্ব স্বাস্থ্য সংস্কার (হ)অতিমারি আখ্যা দেওয়া কোভিড-19 -এর ক্রমাগত ছড়িয়ে পড়ার প্রতি দৃষ্টি রেখে, আঞ্চলিক সহযোগিতার জন্য দক্ষিণ এশিয় দেশগুলির সংগঠন (সার্ক)-এর নেতৃবৃন্দ প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদির আহবানে 15 ই মার্চ 2020 তারিখে একটি ভিডিও কনফারেন্সের আয়োজন করেছিলেন।
2. এই অতিমারি সম্পর্কিত বর্তমান পরিস্থিতির মূল্যায়ন, সর্বোত্তম অনুশীলন গ্রহণ, এবং প্রতিটি দেশের জন্য এই রোগের ছড়িয়ে পড়াকে ন্যূনতম করা এবং প্রশমিত করার জন্য সমবায় উপায় এবং পন্থাকে চিহ্নিত করতে এই বৈঠক সক্ষমতা প্রদান করেছে। এই বৈঠক, জনগণের মধ্যে আশঙ্কা নিবারণ এবং সম্ভাব্য অর্থনৈতিক প্রভাবকে ন্যূনতম করতেও সক্ষমতা প্রদান করেছে। এই ভিডিও কনফারেন্সে ভারতের প্রধানমন্ত্রীর সাথে আরও যারা যোগদান করেছিলেন, তারা হলেন, আফগানিস্তান, মালদ্বীপ এবং শ্রী লংকার মহামান্য রাষ্ট্রপতিগণ, বাংলাদেশ, নেপাল এবং ভুটানের প্রধানমন্ত্রীগণ, পাকিস্তানের স্বাস্থ্য মন্ত্রকের রাষ্ট্র মন্ত্রী এবং সার্কের সেক্রেটারি-জেনারেল।
3. এই সার্বিক চ্যালেঞ্জের মোকাবিলার জন্য আঞ্চলিক সহযোগিতার গুরুত্বকে স্বীকার করে নেতৃবৃন্দ এই উদ্যোগের প্রশংসা করেছেন। যেমনটি প্রধানমন্ত্রী মোদি বিশেষ ভাবে উল্লেখ করেছেন, জটিল সীমান্ত-বরাবর চ্যালেঞ্জের সামনা করার ক্ষেত্রে আঞ্চলিক সহযোগিতার জন্য সার্কভুক্ত অঞ্চল বিশ্বের কাছে একটি দৃষ্টান্ত স্থাপন করতে পারবে। তিনি এই প্রেক্ষিতে ভারতের তরফে প্রারম্ভিক 10 মিলিয়ন আমেরিকান ডলার অনুদান সহ কোভিড-19 এর জন্য একটি সার্ক আপতকালীন প্রতিক্রিয়া তহবিল গঠনের প্রস্তাব রেখেছেন। এই অতিমারির প্রভাবকে আরও মূল্যায়ন করার জন্য বাণিজ্য এবং অর্থ বিষয়ক আধিকারিকদের সাথে সাথে সার্ক অঞ্চলের চিকিৎসা বিশেষজ্ঞদের মধ্যে অনুসৃত আলোচনার প্রস্তাবও ভারত রেখেছেন। ভারত, যেকোন সার্ক অংশীদারী দেশে পরীক্ষার সরঞ্জাম এবং চিকিৎসা ও অন্যান্য ক্ষেত্রের পেশাদার ব্যক্তিদের নিয়ে বিশেষভাবে গঠিত তার দ্রুত প্রতিক্রিয়া দলকে প্রেরণ করার প্রস্তাবও দিয়েছে। সার্ক বিপর্যয় মোকাবিলা কেন্দ্রে কোভিড-19 কে সামলাবার জন্য সর্বোত্তম অনুশীলনের জন্য একটি ভাঁড়ার স্থাপন সহ অনলাইন ট্রেনিং মডিউলের মাধ্যমে ক্ষমতা অর্জনের জন্য সাহায্যের প্রস্তাব দিয়েছে এবং প্রত্যেকটি সার্কভুক্ত দেশের ভাষায় তথ্যসমৃদ্ধ

একটি ওয়েবসাইটের প্রস্তাবও দিয়েছে। রোগের নজরদারীর জন্য ভারত তার অখন্ড স্বাস্থ্য তথ্য (ইন্টিগ্রেটেড হেলথ ইনফরমেশন)-র সফটওয়্যারের অংশভাগী হবার প্রস্তাবও দিয়েছে।

4. সামনের দিকে দৃষ্টি প্রসারিত করে, ভারত, অতিমারির জন্য রোগ নির্ণয় করতে সহায়ক এবং আরোগ্য বিষয়ক হস্তক্ষেপের ধারণাকে ভাগ করে দেবার লক্ষ্যে সার্ক দেশগুলির জন্য একটি প্ল্যাটফর্ম তৈরিতে ইন্ডিয়ান কাউন্সিল ফর মেডিক্যাল রিসার্চ(আইসিএমআর)-র দ্বারা সাহায্যের প্রস্তাবও দিয়েছে।
5. রাষ্ট্রপ্রধানরা এবং সার্কভুক্ত দেশগুলির সরকার এই ভাবনাগুলিকে স্বাগত জানিয়েছেন এবং কোভিড-19 অতিমারির বিরুদ্ধে ক্রমাগত একযোগে কাজ করার মূল্যবোধের কথা পুনরাবৃত্তি করেছেন।

নিউ দিল্লি

মার্চ 16,2020

DISCLAIMER : This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.

